গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
আইসিটি শাখা
www.rajbari.gov.bd

কিশোর কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত জেলা কমিটির মার্চ ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	সুলতানা আক্তার জেলা প্রশাসক
সভার তারিখ	১৭/০৩/২০২৫
সভার সময়	দুপুর ১২:০০
স্থান	জুম অনলাইন প্লাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট ক

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি), রাজবাড়ী ফেব্রুয়ারি, ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র. নং	আলোচনার বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

১	**সাইবার অপরাধ**	পুলিশ সুপার, রাজবাড়ী এর প্রতিনিধি জানান যে, রাজবাড়ী জেলার সাইবার অপরাধ বিষয়ে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন ধরনের সাইবার অপরাধ ও সাইবার বুলিং প্রতিরোধে প্রয়োজনীয় প্রচার-প্রচারণার মাধ্যমে সকলকে সচেতন করা হয়। কমিউনিটি পুলিশিং ও বিট পুলিশিং এর মাধ্যমে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা হয়। এছাড়াও বিভিন্ন দিবস ও অনুষ্ঠানগুলোতে লিফলেট প্রদান করা হয় এবং সকলকে তথ্য প্রদান করা হয়। জেলা প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজবাড়ী জানান যে, ডিজিটাল ল্যাব পরিদর্শনের সময় ছাত্র/ছাত্রীদের সাইবার অপরাধ বিষয়ে সচেতন করা হচ্ছে। **জেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি, সহকারী শিক্ষা অফিসার জানান যে, স্কুল পরিদর্শনের সময় ছাত্র/ছাত্রী ও শিক্ষকদের সাইবার অপরাধ বিষয়ে সচেতন করা হয় ।** অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী সাইবার অপরাধ সম্পর্কে সচেতনতামূলক কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। হ্যাকিং প্রতিরোধের জন্য সকল দপ্তরের সাইবার সিকিউরিটি মজবুত করার বিষয়ে অনুরোধ করেন। এছাড়াও তিনি এ জেলার সাইবার সেলের বিষয়ে সকলকে অবগত করতে নির্দেশনা প্রদান করেন।	ক.হ্যাকিং প্রতিরোধের জন্য সকল দপ্তরের সাইবার সিকিউরিটি মজবুত করতে হবে। খ.কমিউনিটি পুলিশিং ও বিট পুলিশিং এর মাধ্যমে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে হবে। গ. শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের সাইবার অপরাধসম্পর্কে ধারণা প্রদানের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসারগণ সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করবেন। ঘ. প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামারগণ আইসিটি ডিজিটাল ল্যাব পরিদর্শনকালে ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে সাইবার অপরাধ সম্পর্কে সচেতন করবেন। ঙ. জেলা পুলিশের সাইবার সিকিউরিটি সেল সম্পর্কে সকলকে অবগত করতে হবে।	১) পুলিশ সুপার, রাজবাড়ী ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী ৩) জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী ৪) জেলা তথ্য কর্মকর্তা, রাজবাড়ী ৫) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজবাড়ী ৬) সহকারী প্রোগ্রামার (সকল), রাজবাড়ী
২	**আইনি ও অন্যান্য সহায়তা প্রদান ও পুনর্বাসন**	পুলিশ সুপার, রাজবাড়ী এর প্রতিনিধি জানান যে, যদি কেউ সাইবার অপরাধের শিকার হয়, তাহলে সাইবার সেলের মাধ্যমে দ্রুত সে বিষয়ে যথোপযুক্ত আইনি সহায়তা নিশ্চিত করা হয়।	সাইবার অপরাধের শিকার কিশোর-কিশোরীদের যথোপযুক্ত আইনি সহায়তা নিশ্চিত করে ভিক্টিমদের দ্রুত পুনর্বাসন করতে হবে। এ সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপন এবং নিয়মিত এর অগ্রগতি পর্যালোচনার সিদ্ধান্ত গৃহীত হয়।	১) পুলিশ সুপার, রাজবাড়ী ২) বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, রাজবাড়ী
৩	**গুজব ও মিথ্যা তথ্য প্রচার:**	পুলিশ সুপার, রাজবাড়ী এর প্রতিনিধি, জানান যে, রাজবাড়ী জেলার সাইবার সিকিউরিটি সেল থেকে রাজবাড়ী জেলার সকল অনলাইন নিউজ পোর্টাল ও সকল সামাজিক মাধ্যম নিয়মিত মনিটরিং এর মাধ্যমে গুজব ও মিথ্যা তথ্য প্রচারকারীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করা হয়। **জেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি, সহকারী শিক্ষা অফিসার জানান যে, স্কুল পরিদর্শনের সময় ছাত্র/ছাত্রী ও শিক্ষকদের গুজব ও মিথ্যা তথ্য প্রচার বিষয়ে সচেতন করা হয় ।** অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজবাড়ী জানান যে, জেলায় গুজব ও নানা অপপ্রচার বিষয়ে সবাইকে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	অনলাইনে গুজব ও মিথ্যা তথ্য প্রচারকারীদের আইডির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১) পুলিশ সুপার, রাজবাড়ী ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী ৩) জেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী ৪) জেলা তথ্য কর্মকর্তা, রাজবাড়ী ৫) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজবাড়ী ৬) সহকারী প্রোগ্রামার (সকল), রাজবাড়ী

অতঃপর সভায় আর কোনও আলোচ্য বিষয় না থাকায় সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধসহ সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২-০৩-২০২৫
সুলতানা আক্তার
জেলা প্রশাসক
০২-৪৭৮৮০৭৫৩৩ (ফোন)
০২-৪৭৮৮০৮০৫৯ (ফ্যাক্স)
dcrajbari@mopa.gov.bd

নম্বর: ০৫.৩০.৮২০০.০০০.০৩১.০৬.০০০২.২৫.১৬

তারিখ: ৮ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২২ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
২। উপদেষ্টার একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪। পুলিশ সুপার, রাজবাড়ী।
৫। সিভিল সার্জন, রাজবাড়ী।
৬। অধ্যক্ষ.. রাজবাড়ী।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ রাজস্ব/ শিক্ষা ও আইসিটি) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী।
৮। কোম্পানি কমান্ডার, র‌্যাব-১০, ফরিদপুর।
৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজবাড়ী।
১০। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রাজবাড়ী।
১১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজবাড়ী।
১২। চেয়্যারম্যান, জাতীয় মহিলা সংস্থা, রাজবাড়ী।
১৩। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, রাজবাড়ী।
১৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজবাড়ী।
১৫। সভাপতি, জেলা প্রেস ক্লাব, রাজবাড়ী।
১৬। বিভাগীয় প্রধান, মনোবিজ্ঞান বিভাগ, রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী।
১৭। জেলা লিগ্যাল এইড কর্মকর্তা, রাজবাড়ী।
১৮। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, রাজবাড়ী।
১৯। সভাপতি, জেলা শিক্ষক কমিটি, রাজবাড়ী।
২০। প্রধান শিক্ষক, ...,রাজবাড়ী।
২১। জনাব ....,রাজবাড়ী।

২২-০৩-২০২৫
সুলতানা আক্তার
জেলা প্রশাসক